



চুরির অভিযোগে ক্ষুব্ধ হয়ে মা-মেয়েকে হত্যা গৃহকর্মীর স্বীকারোক্তি: ডিএমপি



সংগৃহীত ছবি

রাজধানীর মোহাম্মদপুরে মা-মেয়েকে হত্যার মূল কারণ ছিল টাকা চুরি এমন তথ্য দিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)।

বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক ব্রিফিংয়ে অতিরিক্ত পুলিশ কমিশনার এস. এন. মো. নজরুল ইসলাম জানান, গৃহকর্মী আয়েশাই পরিকল্পিতভাবে এই হত্যাকাণ্ড ঘটিয়েছে।

তিনি বলেন, ঘটনার আগের দিন আয়েশা লায়লা আফরোজের বাসা থেকে দুই হাজার টাকা চুরি করে। বিষয়টি টের পেয়ে লায়লা তাকে জিজ্ঞাসাবাদ করলে কথা কাটাকাটি হয়। পরে লায়লা পুলিশে অভিযোগ করতে চাইলে আয়েশা ক্ষুব্ধ হয়ে প্রথমে লায়লা আফরোজ ও পরে তার মেয়ে নাফিসাকে হত্যা করে। হত্যার পর বাসা থেকে ল্যাপটপসহ মূল্যবান জিনিস লুট করে নাফিসার স্কুলড্রেস পরে পালিয়ে যায় সে। তদন্তে আরও জানা যায়, এর আগে নিজের বোনের বাসা থেকেও দুই লাখ টাকা চুরি করেছিল আয়েশা।

হত্যাকাণ্ডের পর স্বামী রাব্বীকে বিষয়টি জানালে তিনিও আয়েশাকে পালাতে সহায়তা করেন। পুলিশ বুধবার ঝালকাঠি থেকে আয়েশাকে গ্রেফতার করে।

উল্লেখ্য, সোমবার সকালে শাহজাহান রোডের একটি আবাসিক ভবন থেকে লায়লা আফরোজ ও তার মেয়ে নাফিসা লাওয়াল বিনতে আজিয়ার রক্তাক্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। সিসিটিভি ফুটেজে দেখা যায়, সকাল ৭টা ৫২ মিনিটে বোরকা পরে বাসায় ঢোকে আয়েশা এবং প্রায় সাড়ে ৯টায় স্কুলড্রেস পরে ব্যাগ হাতে বাসা ত্যাগ করে। পরে নিহত লায়লা আফরোজের স্বামী আজিজুল ইসলাম মোহাম্মদপুর থানায় মামলা করেন।